

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, গোপালগঞ্জ
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.gopalganj.gov.bd

নম্বর ০৫.৩০.৩৫০০.০১০.৩৫.০০৩.১৪-১০৪৩

তারিখ: ১৬ পৌষ ১৪৩০
৩১ ডিসেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠেয় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা এর ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০ .০০৯.০২৭.২১-৮৭৪ নম্বর স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে আমি কাজী মাহবুবুল আলম, জেলা ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ আগামী ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা পর্যন্ত গোপালগঞ্জ জেলার অভ্যন্তরে নিয়োক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করলাম।

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

- ০২। সে সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলে উপর নিষেধাজ্ঞা আরোপ করলাম।
- ০৩। উল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিল করা হলো;
- (ক) আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;
- (খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;
- (গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকিট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোনো যানবাহন;
- (ঘ) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়িতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ০১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ০১ টি গাড়ি (জিপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন);
- (ঙ) রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোনো কাজে ব্যবহৃত মোটর সাইকেল;
- (চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী অথবা অন্য কোনো ব্যক্তির জন্য মোটর সাইকেল; এবং
- (ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় চলাচল।

কাজী মাহবুবুল আলম
জেলা ম্যাজিস্ট্রেট
গোপালগঞ্জ

ফোন: ০২৪৭৮৮২১৭২০

e-mail: dcgopalganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৩৫০০.০১০.৩৫.০০৩.১৪- ১০৪৩

তারিখ: ১৬ পৌষ ১৪৩০
৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

- ০১-০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
- ০৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
- ০৫। পুলিশ সুপার, গোপালগঞ্জ (তাকে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে বিষয়টি নিশ্চিতকরণে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো);
- ০৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ;
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, কোটালীপাড়া/গোপালগঞ্জ সদর/মুকসুদপুর/কাশিয়ানী/টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ;
- ০৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গোপালগঞ্জ;
- ০৯। জেলা তথ্য অফিসার, গোপালগঞ্জ (বিজ্ঞপ্তিটি মাইকযোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
- ১০। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ।

জেলা ম্যাজিস্ট্রেট
গোপালগঞ্জ